

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
 প্রশাসন-১ শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.০৫.০০১.১২.৪২৩

তারিখঃ ২৩-১২-১৪২৩  
 ০৬-০৪-২০১৭

অফিস আদেশ

২০১৫ সালের সেপ্টেম্বর মাসে জাতিসংঘে টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDGs) অনুমোদিত হয়। ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের জন্য এতে ১৭ টি লক্ষ্য ও ১৬৯ টি লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDGs) কার্যক্রম প্রণয়ন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় করা হচ্ছে।

০২। বিষয়টি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উন্নয়ন পরিকল্পনার সাথে সম্পৃক্ত। পরিকল্পনার কাজ পরিকল্পনা অধিশাখা হতে সম্পাদন করা হয়। সে আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDGs) এর কার্যক্রম সমন্বয় শাখা হতে পরিকল্পনা অধিশাখায় নির্দেশক্রমে স্থানান্তর করা হলো।

০৩। টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDGs) সংক্রান্ত নথি প্রতাদি জরুরী ভিত্তিতে সমন্বয় শাখা হতে পরিকল্পনা অধিশাখায় হস্তান্তর করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


স্বাক্ষরিত/-  
 (হোসনা আফরোজা)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন : ৯৫৭৫৫০৫

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.০৫.০০১.১২.৪২৩

তারিখঃ ০৬-০৪-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা
- ৩। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
- ৬। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৭। উপসচিব (সকল)/উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিঃ সহকারী সচিব/ সহকারী সচিব(প্রশাসন-২)/(যুব-১)/(ক্রীড়া-২)/  
(ক্রীড়া-১)/(সমন্বয়)/(বাজেট)/সিঃসহকারী প্রধান/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১১। সিনিয়র সহকারী প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

  
 (হোসনা আফরোজা)  
 সিনিয়র সহকারী সচিব